# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৮৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো নিজের মনে মৃত্যুর কথা নিকটবর্তী আর আশা-আকাঙ্খাকে দূরে রাখা

## ذكرُ الْإِخْبَارِ عمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ تَقْرِيبِ أَجَلِهِ عَلَى نَفْسِهِ وَتَبْعِيدِ أَمَلِهِ عَنْهَا

আরবী

2987 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ بِبُست قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَارِث بْنُ عُبَيْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ أَنَسِ بْنِ مَالِكٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَذَا ابْنُ آدَمَ وَهَذَا أَجَلُهُ) ووَضَعَ يَدَهُ عِنْدَ قَفَاهُ ثُمَّ بَسَطَ يَدَهُ فَقَالَ: (وَثَمَّ أَمَلُهُ , وثَمَّ أَمَلُهُ)
الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2887 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (5277/ التحقيق الثاني).

বাংলা

২৯৮৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “এই হলো আদম সন্তান আর এই হলো তার আয়ূ।” তারপর তিনি তাঁর হাতকে মাথার পশ্চাৎভাগে রাখেন। তারপর তিনি তার হাতকে সম্প্রসারিত করেন এবং বলেন, “আর এখানে তার আশা-আকাঙ্খা এবং এখানে তার আশা-আকাঙ্খা।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৩৩৪; বাগাবী: ৪০৯২; মুসনাদ আহমাদ: ৩/১২৩; ইবনু মাজাহ: ৪২৩২; সহীহুল বুখারী: ৬৪১৮; দারেমী: ৭০০।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ৫২৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92317

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন